



বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ “অথরিটি ভবন”

ই-১২/এ, আগারগাঁও, ডাক বাস্তু নং-২৪০, ঢাকা-১২০৭

ফোন নংঃ +৮৮০-২-৮১ ৮১৩৩৭, ফ্যাক্স - +৮৮০-২-৮১৮১০১৫, ই-মেইল: baera2013@yahoo.com

বিজ্ঞপ্তি

সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অনিয়ন্ত্রিত আয়নায়নকারী বিকিরণ পরিবেশ ও জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর। আয়নায়নকারী বিকিরণের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন-২০১২ এবং পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ বিধিমালা-১৯৯৭ জারী করেন। এ আইন ও বিধি অনুযায়ী আয়নায়নকারী বিকিরণ উৎপাদনকারী উৎস যেমন বিভিন্ন ধরনের তেজস্ক্রিয় পদার্থ TC-99m, I-131, I-125, Cs-137, Am-241, Kr-85, Ir-192, Co-60, Am-Be সহ বিভিন্ন ক্ষেত্রে ব্যবহৃত অন্যান্য রেডিও আইসোটোপ অথবা আয়নায়নকারী বিকিরণ উৎপাদনকারী যন্ত্রপাতি যেমন X-Ray, CT, Fluoroscopy, Mammography, Angiogram, C-arm, Dental X-Ray, OPG, Bone Densitometer, Co-60 Teletherapy, Brachytherapy, Linear Accelerator, Orthovoltage Unit, 99mTC Generator, Nuclear gauge, X-ray Fluorescence (XRF), X-ray Diffraction (XRD), Luggage Scanner, Electron Capture Detector (ECD), Blood Irradiator ইত্যাদিসহ বিকিরণ সংশ্লিষ্ট কাজে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি যেমন Gamma Camera, PET, PET-CT, Thyroid Uptake System, SPECT, SPECT-CT, Well Counter, Rectilinear Scannar ইত্যাদি দ্বারা যাবতীয় কার্যক্রম সম্পাদনের জন্য বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ থেকে ব্যবহারিক, আমদানি/রপ্তানি লাইসেন্স ও পারমিট, পরিবহন লাইসেন্সসহ পরিচালিত কর্মকাণ্ডের সংশ্লিষ্ট সংগতিপূর্ণ অন্যান্য লাইসেন্স গ্রহণ বাধ্যতামূলক। যে সকল ব্যক্তি বা প্রতিষ্ঠান উপরোক্ত যন্ত্রপাতি বা তেজস্ক্রিয় উৎস/রেডিও আইসোটোপ ব্যবহার করে কর্মকাণ্ড সম্পাদন করছেন বা সম্পাদন করে আসছেন কিন্তু এখন পর্যন্ত সংশ্লিষ্ট লাইসেন্সের জন্য আবেদন করেননি তাদেরকে অতিসত্তর কর্তৃপক্ষে যোগাযোগ করে যথাযথভাবে লাইসেন্স গ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

আইন লঙ্ঘনকারী অথবা সংশ্লিষ্ট আইন অমান্যকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে উপরোক্ত আইন ও বিধি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। আয়নায়নকারী বিকিরণের সুষ্ঠু ও নিরাপদ ব্যবহার নিশ্চিতকরণে আপনার সহযোগিতা একান্তভাবে কাম্য।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে

ড. মোঃ মোফাজ্জল হায়দার
প্রধান, বিকিরণ নিয়ন্ত্রণ বিভাগ
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক)
ফোন নং- ৮১৮১৩৩৭, ৮১৮১১৫৫

